

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৩৯.০২০.১৭-১৩৪

তারিখঃ ০৪-০৩-২০১৮ খ্রিঃ


বিষয়ঃ বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জন উপলক্ষে গৃহীতব্য কার্যক্রম।

সূত্রঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (প্রশাসন-১ শাখা) এর নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৫-৩২৯/১(১৫), তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জন করায় আগামী ২২ মার্চ, ২০১৮ তারিখ সকাল ১০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে মাননীয় প্রধানমন্ত্রীকে সংবর্ধনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ(প্রশাসন-১ শাখা) কর্তৃক গত ২২-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবা সপ্তাহ উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। এ বিষয়ে দেশের সকল জেলা-উপজেলায় প্রশাসন কর্তৃক গৃহীতব্য কার্যক্রমের সাথে সমন্বয় করে যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ে সকল জেলা ও উপজেলা কার্যালয়সমূহে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

০৩। অধিদপ্তরের প্রধান কার্যালয়, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও সকল কার্যালয়ে এ উপলক্ষে সফল আত্মকর্মে, যুব সংগঠন ও প্রশিক্ষিত যুবদের নিয়ে “বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণে যুব উন্নয়ন অধিদপ্তরের ভূমিকা” শীর্ষক সেমিনার আয়োজন, প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদান এবং চলমান ব্যাচে প্রশিক্ষণরত যুবদেরকে জেলা ও উপজেলা পর্যায়ে সফল আত্মকর্মে ও সফল যুব সংগঠনের দ্বারা পরিচালিত কার্যক্রমসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ, ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত চলমান উপজেলাসমূহে উপকারভোগীদের জনসচেতনতা ও সামাজিক কর্মকাণ্ড পরিচালনায় উদ্বুদ্ধকরণ এবং টেকাব প্রকল্পের কর্মসূচিভুক্ত কম্পিউটার প্রশিক্ষণের ভ্যানসমূহ উপজেলা কার্যালয়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আনোয়ার হোসেন)
মহাপরিচালক
ফোনঃ ০২-৯৫৫৯৩৮৯

প্রাপক,

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।
০২। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, -----(১০টি) জেলা।
০৪। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, -----(৪৮টি) জেলা।
০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) উপজেলা-----জেলা।

অনুলিপিঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
০৩। অফিস কপি।